

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.২০০.০৫১.০০.০১.০৬০.২০১৬(অংশ-১)-৫৬৫

তারিখ : ০৮.০২.২০১৭ খ্রি:


আগামী ১২.০২.২০১৭ তারিখ হতে অনুষ্ঠেয় ৩৭তম বিসিএস-এর লিখিত পরীক্ষার প্রার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজ্ঞাপনের শর্তানুযায়ী মোবাইল ফোন, ঘড়ি, সকল ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র, বই-পুস্তক এবং ব্যাগসহ পরীক্ষা হলে প্রবেশ করা শাস্তিযোগ্য অপরাধ।

বিসিএস পরীক্ষার সময় হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি ব্যবহার কমিশন কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে। পরীক্ষা হলে সময় জানার জন্য হলের প্রত্যেক পরীক্ষা কক্ষে প্রয়োজনীয় সংখ্যক দেয়াল ঘড়ি প্রদান করা হয়েছে।

পরীক্ষা হলে কোনো পরীক্ষার্থীর নিকট মোবাইল ফোন, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র, বই-পুস্তক, ব্যাগ পাওয়া গেলে তা বাজেয়াপ্তসহ বিসিএস পরীক্ষা বিধিমালার বিধি ভঙ্গের কারণে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

বিশেষভাবে উল্লেখ্য, ১৪.০২.২০১৭ তারিখ অনুষ্ঠেয় গাণিতিক যুক্তি (বিষয় কোড-০০৮) বিষয়ের পরীক্ষার দিন সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে; সায়েন্টিফিক ক্যালকুলেটর নয়। গাণিতিক যুক্তি বিষয়ের পরীক্ষার দিন ব্যতীত অন্যান্য পরীক্ষার দিন কোনো প্রার্থীর নিকট ক্যালকুলেটর পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তাকে কমিশন কর্তৃক গৃহীতব্য সকল নিয়োগ পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে।

সুতরাং, পরীক্ষার দিন মোবাইল ফোন, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র, বই-পুস্তক এবং ব্যাগ না আনার জন্য সকল প্রার্থীকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


(আ.ই.ম. নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
তারিখ : ০৮.০২.২০১৭ খ্রি:।

নং-৮০.২০০.০৫১.০০.০১.০৬০.২০১৬(অংশ-১)- ৫৬৫

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় সকল দৈনিক সংবাদপত্রে জরুরিভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাকে অনুরোধ করা যাচ্ছে।
২. বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি সংবাদ অনুষ্ঠানে বারবার ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো।
৩. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ আকারে বারবার প্রচার করার জন্য তাকে অনুরোধ করা হলো।
৪. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো।
৫. বার্তা সম্পাদক

বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি আপনার চ্যানেলে স্ক্রল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য তাকে অনুরোধ করা হলো।

৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।
(প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রদান এবং কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো)।
৭. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।
(প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের এবং টিভি চ্যানেলসমূহে বারবার স্ক্রল নিউজ হিসেবে প্রচার করার ব্যবস্থা করতে অনুরোধ করা হলো)।


(আ.ই.ম. নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)